"জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার।"

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়: আবির টাওয়ার, ২১৮,এম.এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ রাজনৈতিক মতাদর্শের কারণে বন্ধ বা ক্ষতিগ্রস্ত বৈধ শিল্প প্রতিষ্ঠান পুনরায় চালু করা, কর্মসংস্থান ও উৎপাদন পুনরুদ্ধারের নিমিত্ত আবেদন আহ্বান:

৬ জানুয়ারি ২০০৯ হতে ৫ আগস্ট ২০২৪ সময়কালে শুধুমাত্র ভিন্ন রাজনৈতিক মতাদর্শের কারণে বন্ধ বা ক্ষতিগ্রস্ত বৈধ শিল্পপ্রতিষ্ঠান পুনরায় চালু করা, কর্মসংস্থান ও উৎপাদন পুনরুদ্ধার করা এবং বিগত সময়ে ভিন্ন রাজনৈতিক মতাদর্শ বা পরিচয়ের কারণে বঞ্চনার শিকার ব্যবসায়ী বা গ্রাহকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

যে সব আবেদন বিবেচনার জন্য গ্রহণযোগ্য হবে

১। বর্ণিত সময়কালে গ্রাহকের সংযোগটি বৈধ, অনুমোদিত ও মিটারযুক্ত ছিলো এই মর্মে গ্রাহক প্রয়োজনীয় প্রমাণপত্র আবেদনের সাথে সংযুক্ত করবেন;

২। বর্ণিত সময়কালে গ্রাহক ভিন্ন রাজনৈতিক মতাদর্শের কারণে বৈষম্য বা বঞ্চনার শিকার হয়েছেন তা সমর্থনে বিচ্ছিন্নকরণ আদেশ/নোটিশ, গ্রাহক-নথির কপি, সমসাময়িক আবেদন/চিঠিপত্র, আদালত বা প্রশাসনিক সিদ্ধান্ত ইত্যাদির কপি/সার্টিফাইড কপি অথবা অন্যকোনো গ্রহণযোগ্য প্রামাণ্য দলিল থাকলে তা আবেদনের সাথে দাখিল করবেন।

যে সব আবেদন বিবেচনার জন্য গ্রহণযোগ্য হবে না

১। অবৈধ সংযোগ গ্রহণ বা পুনঃসংযোগ, মিটার বাইপাস/টেম্পারিং, অনুমোদিত লোডের অতিরিক্ত ব্যবহার, শ্রেণি-বহির্ভূত ব্যবহার, গ্যাস চুরি বা অন্য কোনো অননুমোদিত ব্যবহারের কারণে সংযোগ বিচ্ছিন্ন বা জরিমানা করা হয়েছে এমন গ্রাহকের আবেদন;

২। অবৈধ ব্যবহারের বিষয়ে চূড়ান্ত আদালত/মোবাইল কোর্টের আদেশ, দণ্ড বা প্রমাণিত পরিদর্শন প্রতিবেদন রয়েছে এমন গ্রাহকের আবেদন;

৩। পূর্বে অনুমোদিত কিস্তি সুবিধা নিয়ে ইচ্ছাকৃতভাবে খেলাপি হয়েছে এমন গ্রাহকের আবেদন, যদি না আদালতের আদেশ বা সরকার অনুমোদিত পুনর্গঠন ব্যবস্থা থাকে;

৪। নিরাপত্তাজনিত ত্রুটি, ঝুঁকিপূর্ণ স্থাপনা বা কারিগরি অসামঞ্জস্য সংশোধন না করা গ্রাহকের আবেদন; এবং

৫। শুধু রাজনৈতিক পরিচয় বা মৌখিক দাবির ওপর নির্ভরশীল, কিন্তু যাচাইযোগ্য সমর্থক নথি নেই বা প্রমাণক নেই এমন আবেদনকারীর আবেদন।

আবেদনের প্রক্রিয়া

১। যোগ্য গ্রাহকগণ নির্ধারিত আবেদন ফরমে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন করবেন। গ্রাহকগণ সংশ্লিষ্ট বিতরণ কোম্পানির ওয়েবসাইট হতে আবেদন ফরমটি সংগ্রহ করতে পারবেন।

আবেদনের সর্বশেষ সময়সীমা

বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ৩ কার্যদিবস পর্যন্ত।

-এসজিসিএল কর্তৃপক্ষ